ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ব-৭৮/২০১৫/ ১৬০২ (ক) তারিখ : ১৫ ভাদ্র ১৪৩২ব. ৩০ আগস্ট ২০২৫ খ্রি.

বিষয়ঃ তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী এডহক কমিটির প্রস্তাব পুনরায় প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ০৫.১০.৭৮০০.০২০.১০.০০২.১৭-১০৮, তারিখ: ২১.০৫.২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের প্রেক্ষিতে বাজেমহল ওবায়দিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর-বাজেমহল, উপজেলা-বাউফল জেলা-পটুয়াখালী এর প্রতিষ্ঠাকালীন প্রকৃত প্রতিষ্ঠাতা বিষয়ে গত ০৪.০৮.২০২৫খ্রি. তারিখে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। সেমোতাবেক ০১.০৯.২০২৫খ্রি. তারিখে সরেজমিনে তদন্ত করা হয়। তদন্ত কমিটি সরেজমিনে তদন্ত পূর্বক প্রতিবেদন বিশ্ববিদ্যালয়ে দাখিল করেন। তদন্ত কমিটির সুপারিশের আলোকে নিম্নবর্ণিত বিষয়ে ব্যবস্থাগ্রহণ পূর্বক বিশ্ববিদ্যালয়ে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

১। বাজেমহল ওবায়দিয়া ফাজিল মাদরাসার প্রতিষ্ঠাকালীন প্রকৃত প্রতিষ্ঠাতা হিসেবে মৌলভী আমিন উদ্দিন সাহেব ও তাঁর পুত্রদ্বয় যথাক্রমে মৌলভী মোঃ ইসমাইল ও মৌলভী ইদ্রিস সাহেবের নাম উল্লেখযোগ্য ও গ্রহণযোগ্য।

২। জনাব মোঃ এনামুল হক চৌধুরী সাহেব দীর্ঘ সময় ধরে মাদরাসার প্রতিষ্ঠাতা প্রতিনিধি সদস্য ও ব্যবস্থাপনা কমিটির সেক্রেটারী হিসেবে ভূমিকা পালন করেছেন। এছাড়া তিনি, তার মামা ও নানা এ মাদরাসায় অনেক জমি দান করেছেন এবং সৃষ্টিলগ্ন থেকে যথেষ্ট অবদান রেখেছেন মর্মে কাগজপত্রে দেখা ও জানা যায়। জনাব মোঃ এনামুল হক চৌধুরী সাহেব ও তার পরিবারের দান-অবদানের কারণেই তাকে প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে রাখা হয়েছে মর্মে জানা যায়। তবে তাঁকে প্রতিষ্ঠাতা হিসেবে নথিভুক্ত করার কোন প্রমাণ মেলেনি। উল্লেখ্য যে, জনাব মোঃ এনামুল হক চৌধুরী সাহেবের মামা মৌলভী ওবায়দুল হক সাহেবের নাম অনুসারে এ মাদরাসার নাম রাখা হয়েছে। যিনি মৌলভী আমিন উদ্দিন সাহেবে নাতি ছিলেন। মৌলভী ওবায়দুল হক সাহেবের পিতা-মৌলভী ফজলুল হক সাহেব, এর পিতা মৌলভী ইসমাইল (রহঃ), এর পিতা মৌলভী আমিন উদ্দিন (রহঃ) যিনি বালাকোট যুদ্ধের বিজয়ী যোদ্ধা ছিলেন।

৩। মাদরাসার সঠিক ইতিহাস সংরক্ষণ ও ভবিষ্যৎ প্রজন্মকে সঠিক তথ্য প্রদানের স্বার্থে প্রতিষ্ঠাকালীন প্রতিষ্ঠাতাদের নাম সংরক্ষণপূর্বক সংশ্লিষ্ট নথিপত্রে অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়।

৪। একই সাথে যারা বিভিন্ন সময়ে জমি, অর্থ বা সম্পদ দান করেছেন তাদের একটি স্বতন্ত্র "দাতা সদস্য তালিকা" প্রণয়ন করে মাদরাসার রেকর্ডপত্রে অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

৫। ভবিষ্যতে যে কোন ধরণের কমিটি গঠন প্রক্রিয়ায় প্রতিষ্ঠাকালীন প্রতিষ্ঠাতা পবিবারের প্রতিনিধিদের যথাযথ মূল্যায়ন ও তাদের নাম বিধি মোতাবেক অন্তর্ভুক্ত নিশ্চিত করার জন্য সুপারিশ করা হয়।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

৩০.০৮.২৫

(প্রফেসর ড. এ. কে. মুহা. নুরুল ইসলাম)
রেজিস্ট্রার (অ.দা)
মোবাইল: ০১৭০৫৪০৮০০১

প্রাপক
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পটুয়াখালী
ও
সভাপতি, বাজেমহল ওবায়দিয়া ফাজিল মাদরাসা, বাউফল, পটুয়াখালী।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ব-৭৮/২০১৫/ ১৬০২ (১) (৫) তারিখঃ ৩০.০৮.২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। অধ্যক্ষ, বাজেমহল ওবায়দিয়া ফাজিল মাদরাসা, পটুয়াখালী।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, ও বিদ্যোৎসাহী প্রতিনিধি, বাজেমহল ওবায়দিয়া ফাজিল মাদরাসা, পটুয়াখালী।
৩। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪। আই.সি.টি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। সংশ্লিষ্ট নথি।

৩০/০৮/২৫
(জাকির হোসাইন)
সহকারী রেজিস্ট্রার
মোবাইলঃ ০১৯১৪০৪৬১৯৪